দৈনিক [illegible]

তারিখ ১৪/৯/২০০২

পৃষ্ঠা ২ কলাম ৩

# ঢাবির আগামী সাত দিনের সকল পরীক্ষা স্থগিত

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥ ঢাকা বিশ্ববিদ্যালয়ের আগামী সাত দিনের সকল পরীক্ষা আবার স্থগিত করেছে বিশ্ববিদ্যালয় সিন্ডিকেট। আগামী ২০ সেপ্টেম্বর পর্যন্ত বিশ্ববিদ্যালয়ের কলাভবন ও কার্জন হল পরীক্ষাকেন্দ্রসহ ইনস্টিটিউটসমূহে অনুষ্ঠেয় সকল পরীক্ষা স্থগিত করা হয়েছে। তত্ত্বাবধায়ক সরকার দায়িত্ব গ্রহণের পর গত ২৯ জুলাই থেকে বিশ্ববিদ্যালয়ে অচলাবস্থায় ১৫ হাজার ছাত্রছাত্রীর চার শ' ২৪টি পরীক্ষা স্থগিত হয়ে গেছে। তত্ত্বাবধায়ক সরকার আসার পর থেকে একের পর এক দেশের স্বায়ত্তশাসিত শিক্ষা প্রতিষ্ঠানসমূহ বন্ধ হয়ে গেছে। সর্বশেষ জাতীয় বিশ্ববিদ্যালযের ওপর হস্তক্ষেপের কারণে দেশের সকল অনার্স ও ডিগ্রী পাস কোর্সে চালুকৃত কলেজসমূহে উদ্বেগ সৃষ্টি হয়েছে। গত পাঁচ বছরে আওয়ামী লীগ সরকার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে দু'তিন বছরের সেশনজট এবং এক বছরের স্থায়ী সেশনজট নিরসন করেছে। পক্ষান্তরে তিন মাসের দায়িত্ব পালনকালে বর্তমান তত্ত্বাবধায়ক সরকারের সময়ে আবার নতুন করে এক-দেড় বছরের সেশনজট সৃষ্টি হয়েছে।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক একে আজাদ চৌধুরীর সভাপতিত্বে বৃহস্পতিবার অনুষ্ঠিত সিন্ডিকেট সভায় আগামী ২০ সেপ্টেম্বর পর্যন্ত সকল পরীক্ষা স্থগিত ঘোষণা করা হয়েছে। স্থগিত পরীক্ষাসমূহের তারিখ পরবর্তীতে জানানো হবে।